



উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ
কালুরঘাট শিল্প এলাকা, চট্টগ্রাম।

স্থানীয় উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

ব্যবস্থাপনা পরিচালক, উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ, কালুরঘাট শিল্প এলাকা, চান্দগাঁও, চট্টগ্রাম কর্তৃক প্রকৃত ব্যবসায়ী / সরবরাহকারী / আমদানীকারক এর নিকট হতে নিম্নবর্ণিত মালামাল ক্রয়ের জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা হচ্ছে :-

ক্রমিক নং	মালামালের বিবরণ	দরপত্রের নম্বর ও তারিখ	টেন্ডার জমাদানের সর্বশেষ তারিখ ও সময়	টেন্ডার খোলার তারিখ ও সময়	আনেষ্টম্যানি (নির্ধারিত) টাকা	প্রতি সেট দরপত্রের মূল্য(অফেরতযোগ্য) টাকা
ক।	১০০ মেঃ টন সোডা এ্যাশ (হেভী/লাইট)	ইউজিএসএফএল/পার/০১/২০২২- ২৩/(০২), তাং ০৮/০৮/২০২২.	২৪/০৮/২০২২ দুপুর ১২-০০ ঘটিকা	২৪/০৮/২০২২ বিকাল ৩-০০ ঘটিকা	২,০০,০০০.০০ (দুই লক্ষ)	১,০০০.০০ (এক হাজার)
খ।	১,০০,০০০.০০ (±৫%) ঘনফুট সিলিকা বালি	ইউজিএসএফএল/পার/ ০৮/২০২২-২৩/(০৩) তাং- ০৮/০৮/২০২২.	২৮/০৮/২০২২ দুপুর ১২-০০ ঘটিকা	২৮/০৮/২০২২ বিকাল ০৩-০০ ঘটিকা	১,০০,০০০.০০ (এক লক্ষ)	১,০০০.০০ (এক হাজার)
গ।	৪০ মেঃ টন লাইম স্টোন	ইউজিএসএফএল/পার/ ০৩/২০২২-২৩/(০৪) তারিখঃ ০৮/০৮/২০২২	২৯/০৮/২০২২ দুপুর ১২.০০ ঘটিকা	২৯/০৮/২০২২ দুপুর ১২.০৫ ঘটিকা	৭,০০০.০০ (সাত হাজার)	৫০০.০০ (পাঁচশত)

দরপত্র দলিল নিম্নে বর্ণিত দপ্তর সমূহে উদ্ধৃত মূল্যের বিনিময়ে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে :-

১. জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
২. হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি, বিসিআইসি ভবন (৭ম তলা), ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা।
৩. উর্ধ্বতন মহা-ব্যবস্থাপক, বিসিআইসি শাখা অফিস, ৬ আত্মবাদ, বা/এ, চট্টগ্রাম এবং
৪. মহা-ব্যবস্থাপক (হিসাব ও অর্থ), উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ, কালুরঘাট শিল্প এলাকা, চান্দগাঁও, চট্টগ্রাম।

ক্রমিক নং (ক) ও (খ) এ উল্লেখিত দরপত্র আগামী ২৪/০৮/২০২২ ইং ও ২৮/০৮/২০২২ইং তারিখ দুপুর ১২-০০ মিঃ পর্যন্ত (১) বাণিজ্যিক বিভাগীয় প্রধান, ইউজিএসএফএল, চট্টগ্রাম, (২) নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, পিডব্লিউডি, ডিভিশন-১, রহমতগঞ্জ, চট্টগ্রাম, (৩) জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর দপ্তরে রক্ষিত থাকে গৃহীত হবে। দরপত্রসমূহ শুধুমাত্র বাণিজ্যিক বিভাগীয় প্রধান, ইউজিএসএফএল, চট্টগ্রাম এর দপ্তরে আগামী ২৪/০৮/২০২২ ইং ও ২৮/০৮/২০২২ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রকাশ্যে খোলা হবে।

ক্রমিক নং (গ) এ উল্লেখিত দরপত্র খোলার তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত শুধুমাত্র অত্র কারখানার বাণিজ্যিক বিভাগের রক্ষিত টেন্ডার বাক্সে গৃহীত হবে এবং এর পরপরই দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ থাকে) দরপত্র খোলা হবে।

দরপত্রে অংশগ্রহনকারী সকলকে দরপত্রে উল্লেখিত দলিলগুলি দরপত্রের সাথে জমা দিতে হবে এবং Earnest Money এর অর্থ উসমানিয়া গ্লাস শীট ফ্যাক্টরী লিঃ এর অনুকূলে ডিডি/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টির মাধ্যমে প্রদান করতে হবে। দরপত্র জমাদানের শেষ দিন কোন দরপত্র দলিল বিক্রি করা হবে না। কোন অনিবার্য কারণ বশতঃ উল্লেখিত দিনে টেন্ডার/দরপত্র খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে একই নিয়মে একই সময়ে ও স্থানে দরপত্র খোলা হবে। অসম্পূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন টেন্ডার গ্রহন বা বাতিলের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ সাইফুল আরিফ খান)
ব্যবস্থাপক (বাণিজ্যিক)
ও
বাণিজ্যিক বিভাগীয় প্রধান
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে